



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে মুক্তিযোদ্ধা (সন্তান/নাতি-নাতনি) কোটায় ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের সাক্ষাৎকারের বিজ্ঞপ্তি

কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে মুক্তিযোদ্ধা (সন্তান/নাতি-নাতনি) কোটায় ভর্তির জন্য আবেদনকারী সকল শিক্ষার্থীর সাক্ষাৎকার আগামী ২৮-০১-২০২০ তারিখ নিম্নে বর্ণিত ভাবে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক | সাক্ষাৎকারের সময় |
|-----------|---------------------------------------|---------------------------------------|
| ১. | মুক্তিযোদ্ধার সন্তান | সকাল ৯.৩০ থেকে বেলা ১১.০০ টা পর্যন্ত |
| ২. | মুক্তিযোদ্ধার নাতি-নাতনি (দাদা/দাদী) | বেলা ১১.০০ থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত |
| ৩. | মুক্তিযোদ্ধার নাতি-নাতনি (নানা/নানী) | বেলা ২.০০ থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত |

উল্লেখ্য যে, সাক্ষাৎকারের সময় অবশ্যই পিতা/মাতা/দাদা/দাদী/নানা/নানীর মুক্তিযোদ্ধা সংক্রান্ত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র/ডিজিটাল সনদপত্র, সরকারী গেজেট/লাল মুক্তিবর্তা/সবুজ মুক্তিবর্তার মূলকপি এবং মুক্তিযোদ্ধা সংক্রান্ত সরকারী ভাতা প্রাপ্তির প্রমাণপত্র সঙ্গে আনতে হবে। মুক্তিযোদ্ধার নাতি-নাতনির ক্ষেত্রে শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট, শিক্ষা সনদ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা/নির্বাহী ম্যাজিস্ট্রেট-এর নিকট থেকে সম্পর্কের প্রমাণপত্রের মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।
ছাত্র/ছাত্রীকে আবেদনপত্রের ১ সেট ফটোকপি সাক্ষাৎকারের সময় অবশ্যই জমা দিতে হবে।

মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির যে কোন পর্যায়ে মুক্তিযোদ্ধার সনদপত্র ও নাতি-নাতনির ক্ষেত্রে সম্পর্কের প্রমাণপত্রসহ অন্যান্য প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃ দ্রঃ সাক্ষাৎকারে অনুপস্থিত আবেদনকারী শিক্ষার্থীদের ভর্তির কোন সুযোগ থাকবে না। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.ju-admission.org) প্রচার করা হবে এবং এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

স্বাক্ষর/- (মো. আবু হাসান)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

এবং

সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি